# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 19 May, 2025

ভারতের মেঘালয় ও আসামে ভারী বর্ষণের ফলে শেরপুরের চেল্লাখালী নদীর পানি বিপদসীমার ৩৯ সেন্টিমিটার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। সোমবার (১৯ মে) রাত ১০টায় পানি উন্নয়ন বোর্ড এ তথ্য জানায়।

এ ছাড়া গত তিন দিন জেলার বিভিন্ন স্থানে থেমে থেমে ভারী বৃষ্টিপাতের কারণে কয়েকটি নদীর পানি বিপদসীমা ছুঁই ছুঁই।এ অবস্থায় আকস্মিক বন্যার শঙ্কায় রয়েছেন এলাকাবাসী।

বিষয়টি নিশ্চিত করেছেন শেরপুর পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. আখিনুজ্জামান।সোমবার বিকেল ৪টার তথ্য অনুযায়ী, ভোগাই নদীর পানি নকুগাঁও পয়েন্টে বিপদসীমার ৩১৫ সেন্টিমিটার নিচে, ভোগাই নদীর নালিতাবাড়ী পয়েন্ট বিপদসীমার ৩২০ সেন্টিমিটার নিচে এবং পুরাতন ব্রহ্মপুত্র বিপদসীমার ৬০৫ সেন্টিমিটার মিটার নিচে রয়েছে।

নদী ভারত পানি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:47

URL: https://timestodaybd.com/mymensingh/5045382715